গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ : ৬ নভেম্বর, ২০২৩, সময় : ১৪.১৫ ঘটিকা
স্থান : মিনি কনফারেন্স রুম, ৭ম তলা হাজিরা : পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রকল্প সমন্বয়ক প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে আলোচনার জন্য জিআইএস স্পেশালিস্টকে অনুরোধ জানান। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কাজের সংক্ষিপ্ত বর্ণনা, বিগত মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্ট এর সম্ভাব্য আউটকাম, চলমান এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি | প্রস্তুতকৃত দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের মাঝে জরুরি অবস্থায় আন্তঃযোগাযোগ রক্ষার জন্য হোয়াটস এ্যাপ গ্রুপ খোলার বিষয়েও আলোচনা হয়।<br>প্রকল্প এলাকা ব্যাতীত অন্যান্য বন্যা প্রবণ এলাকার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি সদস্যদের তথ্য সংগ্রহের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। | ক) ৮ নভেম্বর ২০২৩ এর মধ্যে হোয়াটস এ্যাপ গ্রুপ তৈরির সকল পূর্বপ্রস্তুতি সম্পন্ন করতে হবে।<br>খ) প্রকল্প এলাকা ব্যতীত যে সকল জেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তথ্য চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে, এখনো তথ্য পাওয়া যায়নি সেসকল জেলায় পুনরায় তাগিদপত্র প্রেরণ করতে হবে। | রিজিওনাল কো-অর্ডিনেটর, কমিউনিকেশন অফিসার, প্রোগ্রাম ম্যানেজার ও উপ-প্রকল্প সমন্বয়ক (ICT) |
| ০৩। | ভূস্থানিক জরিপ/ টপোগ্রাফিক সার্ভে | ভুমিরূপের তথ্য সংগ্রহের জন্য পরিচালিত জরিপ বন্যা মৌসুমে | নভেম্বর ২০২৩ এর দ্বিতীয় সপ্তাহের মধ্যে ভূস্থানিক | প্রোগ্রাম ম্যানেজার ও জিআইএস স্পেশালিস্ট |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | স্থগিত থাকার পর পুনরায় শুরু করার বিষয়ে আলোচনা হয়। | জরিপ/ টপোগ্রাফিক সার্ভের কাজ পুনরায় শুরু করতে হবে। | |
| ০৪। | ল্যান্ড গেজ স্থাপন | প্রাথমিকভাবে বাছাইকৃত ল্যান্ডগেজসমূহ এর অবস্থান চূড়ান্তকরণের জন্য বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | ৬০টি ল্যান্ডগেজ চূড়ান্তকরণের জন্য Technical Advisory Committee ও Flood Forecasting Circle এর প্রতিনিধিসহ সভার আয়োজন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার ও জিআইএস স্পেশালিস্ট |
| ০৫। | প্রকল্পের ওয়েবসাইট হালনাগাদ | প্রকল্পের অধীনে পরিচালিত কার্যাবলি নিয়মিতভাবে ওয়েবসাইটে সংরক্ষণ ও হালনাগাদের বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কর্মকর্তাদেরকে ওয়েবসাইট হালনাগাদকরণ বিষয়ে প্রশিক্ষণ দিতে হবে। | আইসিটি স্পেশালিস্ট ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০৬। | তথ্য, শিক্ষা ও যোগাযোগ (IEC) উপকরণ | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অভিজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে আয়োজিত কর্মশালার মতামতের উপর ভিত্তি করে তথ্য, শিক্ষা ও যোগাযোগ (IEC) উপকরণ পরিবর্ধিত হয়। উপকরণসমূহ চূড়ান্তকরণে এলজিইডি প্রতিনিধিদের মতামত গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | হালনাগাদকৃত/ সংশোধিত তথ্য, শিক্ষা ও যোগাযোগ (IEC) উপকরণসমূহে এলজিইডি প্রতিনিধিদের মতামত গ্রহণপূর্বক আগামী ১৫ নভেম্বর এর মধ্যে চূড়ান্ত করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার ও উপপ্রকল্প সমন্বয়ক (আইসিটি/ জিআইএস-আরএম) |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/১১/২০২৩

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০০১.২৩. ৯২২

তারিখ: ১২-১১-২০২৩ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।

০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (ICT/ GIS ও RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।

০৫। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট (প্রকল্প সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। অফিস কপি/ গার্ড ফাইল।

(প্রবীর কুমার দাস)
উপ-প্রকল্প সমন্বয়ক (ICT)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট